



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I

TERM – SECOND

SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 20

DATE – 13.11.2020

Topic – খরগোশ ও কচ্ছপ

১) উত্তর লেখোঃ

ক) প্রতিজ্ঞা করে খরগোশ ও কচ্ছপ কী করেছিল এবং তার ফল কী হয়েছিল?

উঃ প্রতিজ্ঞা করে দুজনেই এক সময়ে এক জায়গা থেকে চলতে শুরু করেছিল। কচ্ছপ চলতে শুরু করে একবারও না থেমে অবাধে চলতে লাগল। খরগোশ খুব তাড়াতাড়ি চলতে পারে, তাই সে ভাবল কচ্ছপ যতই চলুক না কেন আমি আগে পৌঁছাতে পারব। এই ঠিক করে কিছুদূর গিয়ে খরগোশ ঘুমিয়ে পড়ল। ঘুম থেকে ওঠার পর সে নির্দিষ্ট জায়গায় গিয়ে দেখল কচ্ছপ তার অনেক আগেই পৌঁছে গিয়ে জয়ী হয়েছে।

খ) খরগোশ ও কচ্ছপ গল্পটি পড়ে তুমি কী শিখলে তা নিজের ভাষায় লেখো।

উঃ খরগোশ ও কচ্ছপ গল্পটি পড়ে আমি শিখলাম যে – আমি কাউকে কোনদিন উপহাস করব না। আমার মনের মধ্যে কোন অহংকার রাখবো না। যে কাজ আমি শুরু করব সেই কাজ শেষ না হওয়া অবধি থামবো না।